

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১২৬০/২৪

তারিখ: ১৭ এপ্রিল ২০২৪  
০৪ বৈশাখ ১৪৩১

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক  
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক  
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক  
জনতা ব্যাংক পিএলসি.  
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/  
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা  
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়: স্থায়ী আমানতের সুদহার পুনঃনির্ধারণ।

প্রিয় মহোদয়,

আমানতের সুদহার বিষয়ে জারিকৃত প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ১২৪২/২৩ তারিখ ২৮.১২.২০২৩-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


২. পরিচালনা পর্ষদের ১৭.০৪.২০২৪ তারিখে অনুষ্ঠিত ৮১২তম সভার অনুমোদনক্রমে স্থায়ী আমানতের সুদহার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলো:

আমানতের খাতসমূহ	পুনঃনির্ধারিত সুদহার
স্থায়ী আমানত:	
৩ মাস ও তদূর্ধ্ব কিন্তু ৬ মাসের কম	৮.০০%
৬ মাস ও তদূর্ধ্ব কিন্তু ১ বছরের কম	৮.২৫%
১ বছর ও তদূর্ধ্ব কিন্তু ২ বছরের উর্ধ্ব নয়	৮.৫০%

বিশেষ ক্ষেত্রে বর্ধিত সুদ প্রদানের প্রয়োজন হলে পরিচালনা পর্ষদের ২৫.০১.২০২৩ তারিখে অনুষ্ঠিত ৭৫৪তম সভা ও ৩০.০৫.২০২৩ তারিখে অনুষ্ঠিত ৭৬৯তম সভার সিদ্ধান্ত মোতাবেক ট্রেজারী ডিপার্টমেন্টের মাধ্যমে এমডি এন্ড সিইও মহোদয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।

পুনঃনির্ধারিত সুদহার ১৮ এপ্রিল ২০২৪ তারিখ থেকে কার্যকর হবে।

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

  
১৭.০৪.২০২৪  
সুলতানা রাজিয়া  
উপমহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,

  
১৭-০৪-২০২৪  
মেহের সুলতানা  
মহাব্যবস্থাপক